



বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
শুঞ্জলা পরিদপ্তর
পানি ভবন, ৭২, গ্রীন রোড, ঢাকা-১২০৫।
www.bwdb.gov.bd

নম্বর: ৪২.০১.০০০০.০২৩.২৭.০০৫.১২.৭৬

২৮ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: ১১ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

জনাব মোঃ ইব্রাহীম (পরিচিতি নং-৬৫০৬০৫০০২), উপ-সহকারী প্রকৌশলী (পুর), ভূ-গর্ভস্থ পানি বিজ্ঞান বিভাগ-১, বাপাউবো, ঢাকা'কে দুর্নীতি ও বিধি বহির্ভূত কর্মকান্ডের জন্য বিগত ১২-০৯-২০১২ খ্রিঃ তারিখে মাননীয় নির্বাহী ম্যাজিস্ট্রেট আদালত, ঢাকা কর্তৃক জামিন না মঞ্জুর করতঃ জেল হাজতে প্রেরণ করায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মচারী) চাকরি বিধিমালা ১৯৮২ এর বিধি ১৪১(১) অনুযায়ী অত্র দপ্তরের দপ্তরাদেশ নং-৩১১-পাউবো/শৃং/শা-২/অভি(খ)-০৫/২০১২ তারিখঃ ২০-০৯-২০১২ খ্রিঃ মোতাবেক তাকে বাপাউবোর্ডের চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হয়।

২। জনাব মোঃ ইব্রাহীম, উপ-সহকারী প্রকৌশলী (পুর) (সাময়িকভাবে বরখাস্তকৃত) বিগত ০৬-০৯-২০১২ খ্রিঃ তারিখ হতে দীর্ঘ প্রায় ১১ বছর যাবত দপ্তরে অননুমোদিতভাবে অনুপস্থিত রয়েছেন। তার এ দীর্ঘ সময়ে দপ্তরে অননুমোদিতভাবে অনুপস্থিত থাকায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা, ২০১৩ এর প্রবিধান ২ এর উপপ্রবিধান ১৩(আ) অনুযায়ী ৬০ দিন বা তদুর্ধ্ব সময় যাবৎ কর্তব্য হতে অনুপস্থিত থাকা সময়েকে “পলায়ন” (Desertion) হিসাবে গণ্য এবং উক্ত প্রবিধানমালার প্রবিধান ৪৮(গ) অনুযায়ী পলায়নের জন্য দোষী হলে দণ্ড আরোপযোগ্য।

তাছাড়া, জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিভাগীয় মামলা নিষ্পত্তি সংক্রান্ত নির্দেশিকার ১০.২ তে উল্লেখ রয়েছে যে, কোনো সরকারী কর্মকর্তা বা কর্মচারী পলায়ন এর অভিযোগে দোষী প্রমাণিত হলে এবং পলায়নের মেয়াদ ৫(পাঁচ) বছর বা তার অধিককাল হলে বাংলাদেশ সার্ভিস রুলস এর ৩৪ বিধি অনুযায়ী উক্ত কর্মকর্তার চাকরির অবসান হবে।

অপরদিকে, বাংলাদেশ সার্ভিস রুলস প্রথম খণ্ডের বিধি ৩৪ এ উল্লেখ আছে যে, সরকার বিশেষ ক্ষেত্রে অন্যরূপ সিদ্ধান্ত না নিলে, একজন কর্মকর্তা/কর্মচারী একাদিক্রমে ৫(পাঁচ) বৎসর তার দায়িত্ব/কাজ হতে অনুপস্থিত থাকলে, তা মঞ্জুরীকৃত ছুটিসহই হোক অথবা না-ই হোক, তিনি সরকারী চাকুরী হতে খারিজ (ceases) হয়েছেন বলে গণ্য হবেন।

৩। যেহেতু, জনাব মোঃ ইব্রাহীম, উপ-সহকারী প্রকৌশলী (পুর) (সাময়িকভাবে বরখাস্তকৃত) ০৬-০৯-২০১২ খ্রিঃ তারিখ হতে দীর্ঘ প্রায় ১১ বছর যাবত দপ্তরে অননুমোদিতভাবে অনুপস্থিত রয়েছেন তাই তার বিরুদ্ধে পলায়নের অভিযোগ প্রমাণিত হয়েছে এবং পলায়নের মেয়াদ ০৬-০৯-২০১২ খ্রিঃ তারিখ হতে একাধারে ৫(পাঁচ) বছরের অধিক হওয়ায় বাংলাদেশ সার্ভিস রুলস এর ৩৪ বিধি অনুযায়ী বিগত ০৬-০৯-২০১২ খ্রিঃ তারিখ হতে জনাব মোঃ ইব্রাহীম, উপ-সহকারী প্রকৌশলীর চাকরি অবসান হয়েছে মর্মে গণ্য করার সিদ্ধান্ত কর্তৃপক্ষ কর্তৃক গ্রহণ করা হয়েছে।

৪। এমতাবস্থায়, কর্তৃপক্ষের উপরোক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে এতদ্বারা জনাব মোঃ ইব্রাহীম, উপ-সহকারী প্রকৌশলী (পুর) (সাময়িকভাবে বরখাস্তকৃত), ভূ-গর্ভস্থ পানি বিজ্ঞান বিভাগ-১, বাপাউবো, ঢাকা'কে বিগত ০৬-০৯-২০১২ খ্রিঃ তারিখ হতে একনাগাড়ে ৫(পাঁচ) বছরের অধিক সময় কর্তব্য কাজে অননুমোদিত অনুপস্থিত থাকায় তার অননুমোদিতভাবে অনুপস্থিতির তারিখ অর্থাৎ ০৬-০৯-২০১২ খ্রিঃ তারিখ হতে বাংলাদেশ সার্ভিস রুলস প্রথম খণ্ডের বিধি ৩৪ মোতাবেক বাপাউবোর্ডের চাকরির অবসান হয়েছে বলে গণ্য করা হলো।

৫। এতে মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের অনুমোদন রয়েছে।

১১-০২-২০২৪

মোঃ নোমান ফরিদ

পরিচালক

০২-২২২২৩০০৭৬

dir.discipline@bwdb.gov.bd

নম্বর: ৪২.০১.০০০০.০২৩.২৭.০০৫.১২.৭৬/১(১৪)

২৮ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: ১১ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল:

১। প্রধান প্রকৌশলী, পানি বিজ্ঞান, বাপাউবো, ঢাকা;

- ২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), ভূ-গর্ভস্থ পানি বিজ্ঞান সার্কেল, বাপাউবো, ঢাকা;
- ৩। পরিচালক, ভূ-গর্ভস্থ পানি বিজ্ঞান পরিদপ্তর, বাপাউবো, ঢাকা;
- ৪। পরিচালক, কর্মচারী/হিসাবরক্ষণ/অডিট/অর্থ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা;
- ৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা;
- ৬। সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা;
- ৭। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। দপ্তরাদেশটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো;
- ৮। উপ-পরিচালক, ভূ-গর্ভস্থ পানি বিজ্ঞান বিভাগ-১, বাপাউবো, ঢাকা;
- ৯। সহকারী পরিচালক(অহিনি), গ্রীন রোড আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, ঢাকা;
- ১০। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), বাপাউবো, ঢাকা;
- ১১। জনাব মোঃ ইব্রাহীম, উপ-সহকারী প্রকৌশলী (পুর) (সাময়িক বরখাস্তকৃত), ভূ-গর্ভস্থ পানি বিজ্ঞান বিভাগ-১, বাপাউবো, ঢাকা;
- ১২। জনাব মোঃ ইব্রাহীম, পিতা- মোঃ মহিউদ্দীন, গ্রাম- ছলিমাবাদ, ডাক-ছলিমাবাদ, থানা-বাঞ্চারামপুর, জেলা- ব্রাহ্মণবাড়িয়া;
- ১৩। জনাব মোঃ ইব্রাহীম, বাড়ী নং-৩৬, রোড নং-১, পশ্চিম রায়েরবাগ, মাতুয়াইল, যাত্রাবাড়ী, ঢাকা এবং
- ১৪। জনাব মোঃ ইব্রাহীম, ফ্ল্যাট নং-১১০৫, বিল্ডিং নং-১৬, জাপান গার্ডেন সিটি, মোহাম্মদপুর, ঢাকা।



১১-০২-২০২৪

শেখ মোঃ আব্দুল খালেদ
উপ-পরিচালক